

বার্ষিক প্রতিবেদন: ২০২০-২০২১

খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

১। **কল্যাণ ট্রাস্টের ইতিবৃত্তঃ** ১৯৮৩ খ্রিস্টাব্দে খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট অধ্যাদেশ জারির ২৬ বৎসর পর ৫ নভেম্বর ২০০৯ খ্রিস্টাব্দে খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট গঠন করা হয়। ইহা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ একটি সংস্থা, যা পরিচালনার জন্য ১২ সদস্য বিশিষ্ট একটি ট্রাস্টি বোর্ড রয়েছে।

২। **বোর্ড অব ট্রাস্টিঃ** ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২৬.০১.২০২০ খ্রিস্টাব্দের প্রজ্ঞাপন মোতাবেক ১২ সদস্য বিশিষ্ট ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ ফরিদুল হক খান, এমপি, সিনিয়র-ভাইস-চেয়ারম্যান জনাব জুয়েল আরেং, এমপি, এডভোকেট গ্লোরিয়া বর্ণা সরকার, এমপি, ভাইস-চেয়ারম্যান ডঃ নমিতা হালদার, এনডিসি, ট্রাস্টি মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোঃ নূরুল ইসলাম, পিএইচডি, ড. বেনেডিক্ট আলো ডি'রোজারিও, উপাধ্যক্ষ রেমন্ড আরেং, জনাব বাবু মার্কুস গমেজ, জনাব জেমস সুব্রত হাজারা, জনাব উইলিয়াম প্রলয় সমদ্দার, জনাব পিউস কস্তা এবং ট্রাস্টি ও সচিব জনাব নির্মল রোজারিও।

৩। **অনুদান প্রদানঃ** ২০২০-২০২১ অর্থ বছরে মোট ৫০টি চার্চকে মেরামত, সংস্কার, নির্মাণ, মাটিভরাট, কবরস্থানের সীমানা প্রাচীর নির্মাণের জন্য সর্বমোট ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের পক্ষ থেকে অনুদান হিসেবে প্রদান করা হয়েছে। এরছাড়াও মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল হতে শুভ বড়দিন উপলক্ষে ৩০৪টি চার্চকে ১,৬২,০৫,০০০/- (এক কোটি বাষট্টি লক্ষ পাঁচ হাজার) টাকা অনুদান প্রদান করা হয়েছে।

৪। **মুজিববর্ষ উদযাপনঃ** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশুদিবস উপলক্ষে ১৭ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দে তেজগাঁও হলি রোজারি চার্চ-সহ দেশের বিভিন্ন চার্চ/উপসনালয়ে বিশেষ প্রার্থনা করা হয়। বটমলী হোমস্ এবং ২টি দুষ্ট ও পূর্ণবাসন কেন্দ্রে খাবার সামগ্রী বিতরণ করা হয়। এছাড়াও বিশেষ প্রার্থনা শেষে জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষে সহস্রাধিক খ্রিস্টভক্তের অংশগ্রহণে কেক কাটা অনুষ্ঠান করা হয়। এরপর দেশের বিভিন্ন এলাকার চার্চসমূহে বৃক্ষরোপন কর্মসূচী পালন করা হয়।

৫। **জাতীয় দিবস উদযাপনঃ** খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ও বাংলাদেশ খ্রীষ্টান এসোসিয়েশনের যৌথ উদ্যোগে প্রতি বৎসর ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস উপলক্ষে তেজগাঁও হলি রোজারি চার্চে বিশেষ প্রার্থনা সভার আয়োজন করা হয়। এ ছাড়াও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস, মহান বিজয় দিবস, স্বাধীনতা দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদদের স্মরণে ও জাতির সুখ সমৃদ্ধি কামনা করে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়েছে।

৬। **বঙ্গভবনে শুভ বড়দিন-২০১৯ উদযাপন অনুষ্ঠান আয়োজনে সহযোগিতা প্রদানঃ** প্রতি বছরের ন্যায় শুভ বড়দিন-২০১৯ উপলক্ষে ২৫ শে ডিসেম্বর বঙ্গভবনে মহামান্য রাষ্ট্রপতি খ্রিস্টান সম্প্রদায়ের বিশিষ্ট ব্যক্তিবর্গের সাথে বড়দিনের শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানের আয়োজন করেন। এই আয়োজনে বঙ্গভবনে অতিথি তালিকা প্রেরণসহ প্রয়োজনীয় সকল প্রকার সহযোগিতা প্রদান করা হয়েছে।

৭। **প্রশিক্ষণ প্রদানঃ** ২০২০-২০২১ অর্থ বছরে পরিবর্তনশীল সমাজে যুব সমাজের নীতি ও নৈতিকতার গুরুত্ব ও প্রয়োজনীয়তা, সম্প্রীতিপূর্ণ সমাজব্যবস্থা গঠনে যুব সমাজের ভূমিকার উপর যুবক-যুবতীদের জন্য ২টি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়েছে। কর্মশালায় ৩২০ জন ছাত্র-যুবক অংশগ্রহণ করেছেন।

৮। **জাতীয় অনুষ্ঠানে পালক/পুরোহিত/পবিত্র বাইবেল পাঠক নিয়োগঃ** খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট থেকে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত জাতীয় অনুষ্ঠানে চাহিদা অনুযায়ী পবিত্র বাইবেল থেকে পাঠ করার জন্য পালক/পুরোহিত/বাণীপাঠক প্রেরণ করা হয়েছে।

৯। **অন্যান্যঃ** এছাড়াও উল্লেখিত সময়কালে সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠায় দেশের খ্রিস্টান সমাজের সাধারণ নাগরিক ও প্রতিষ্ঠানের বিভিন্ন সমস্যা সমাধানে ট্রাস্ট সর্বদা সচেষ্ট ভূমিকা রেখেছে।



নির্মল রোজারিও

সচিব

মোবাইল: ০১৭১৫০৩০৯৮৯

ফোন: ৪৮১১৯২৩৮, ফ্যাক্স: ৯১০৪৭১৫

E-mail: crwt09@yahoo.com